আপনার শহরকে পরিচ্ছন্ন
ও সবুজ রাখুন

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সাধারণ শাখা
বাটালি হিল, টাইগারপাস, চট্টগ্রাম
www.ccc.gov.bd

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৬তম সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো. রেজাউল করিম চৌধুরী
মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

সভার তারিখ : ২৯ মে ২০২২ খ্রিঃ

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : কে. বি. আবদুচ ছত্তার মিলনায়তন,
আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবন, চট্টগ্রাম।

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সভা শুরু করা হয়। সভার শুরুতে ভাষা সৈনিক ও প্রখ্যাত সাংবাদিক আবদুল গাফ্‌ফার চৌধুরী ও চসিক প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শফিকুল মান্নান সিদ্দিকী যিশুসহ নগরীর মৃত্যুবরণকারী বিশিষ্ট ব্যক্তিবর্গের রুহের মাগফিরাত কামনা করে এক মিনিট দাঁড়িয়ে নীরবতা পালন করা হয়। অতঃপর সভাপতি উপস্থিত সকল প্যানেল মেয়র, কাউন্সিলর, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভা পরিচালনা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ শহীদুল আলমকে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা এজেন্ডা ভিত্তিক সভার কার্যক্রম শুরু করেন।

শুরুতে গত ২৮ এপ্রিল ২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৫তম সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কারো আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

প্রধান নির্বাহী কর্মকর্তার আহবানে সচিব জনাব খালেদ মাহমুদ গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি বিভাগ ওয়ারী উপস্থাপন করেন। তিনি সাধারণ সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতির প্রতিবেদনে তথ্য উপাত্ত সমূহ আরো সুনির্দিষ্টভাবে উল্লেখ করে যথাসময়ে উপস্থাপনের জন্য স্ব স্ব বিভাগকে নির্দেশনা দেন। তিনি বিগত সাধারণ সভার কার্যবিরণীতে অন্তর্ভুক্ত অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ উল্লেখপূর্বক তা দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করেন।

অতঃপর পরবর্তী আলোচ্যসূচি অনুযায়ী আলোচনায় অংশগ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা সকলের প্রতি অনুরোধ জানান। আলোচনায় অংশগ্রহণ করে-

১.১: ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোবারক আলী বলেন, দীর্ঘদিন যাবত হাটহাজারী সড়ক সংস্কারের ব্যাপারে নানাভাবে আবেদন করলেও বিষয়টি কেন আমলে নেয়া হচ্ছে না তা বোধগম্য নয়। তিনি চসিক প্রকৌশল শাখা কর্তৃক প্রকল্প গ্রহণকালে কাউন্সিলরদের মতামতকে অগ্রাধিকার দেয়ার কথা থাকলেও দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী বিষয়টি গুরুত্ব না দেয়ায় ক্ষোভ প্রকাশ করেন। তিনি এ ব্যাপারে মেয়র মহোদয়ের হস্তক্ষেপ কামনা করেন।

১.২: ৮নং শুলকবহর ওয়াডের্র সম্মানিত কাউন্সিলর জনাব মো: মোরশেদ আলম বলেন, শুলকবহর ওয়ার্ডটি আয়তনে বিশাল ও জনবহুল এলাকা। নগরীতে জলাবদ্ধতার সবচেয়ে ভোগান্তি বেশি এ এলাকায়। এ এলাকাতে মেগা প্রকল্প বাস্তবায়নে যে বাঁধগুলো দেয়া হয়েছে তা অদ্যাবধি সরানো হয়নি। অন্যদিকে পথচারীদের নিরাপদ চলাচলের জন্য প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক যে বেষ্টনী তৈরি করার কথা ছিল তা কোথাও পরিলক্ষিত হয়নি। ফলে অতীতের মত দুর্ঘটনার কবলে পরে প্রাণহানির সম্ভবনা রয়েছে। তিনি আলোকায়নের ব্যাপারে দায়িত্বপ্রাপ্ত প্রকল্প পরিচালকের গাফিলতির কারণে ২০১৭ সালের গৃহীত এলইডি বাতির প্রকল্প বাস্তবায়িত হয়নি বরং প্রকল্প বাস্তবায়নের বিষয়ে যথেষ্ট সন্দেহ রয়েছে বলে উল্লেখ করেন।

১.৩: ১৪নং লালখান বাজার ওয়ার্ড কাউন্সিলর জনাব আবুল হাসনাত মোঃ বেলাল বলেন,লক্ষ্য করা যাচ্ছে যে, নগরীর আনাচে কানাচে অনেক ভাসমান দোকান চসিককে কোন ধরনের কর প্রদান না করে ব্যবসা করে যাচ্ছে। তিনি এদের ব্যবসার ধরণ ও স্থান সমূহের অবস্থা বিবেচনা করে করের আওতায় আনা যায় কিনা বিবেচনা করার জন্য অনুরোধ জানান। তিনি রাস্তার পরিসর বিবেচনা করে এবং ফ্লাই ওভারের নিচে পে পার্কিং এর ব্যবস্থা করে রাজস্বের খাত সৃষ্টি করার আহবান জানান।

১.৪: ১৫নং বাগমনিরাম ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র জনাব মোহাম্মদ গিয়াস উদ্দিন বলেন,সিটি কর্পোরেশনের রাজস্ব আদায়ের ক্ষেত্রে গৃহকর আদায়কারীরা কে কোন ওয়ার্ডে কর্মরত আছেন তাদের তালিকা করে ওয়ার্ড কাউন্সিলরের কাছে তা প্রদান এবং সম্মানিত কাউন্সিলররা কর আদায়কারীকে কিভাবে কর আদায়ে সহযোগিতা করতে পারে সে ব্যাপারে দ্রুত সিদ্ধান্ত নিতে অনুরোধ জানান।

১.৫: ১৭নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোহাম্মদ শহিদুল আলম বলেন, উপপ্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কর্তৃক তাঁর ওয়ার্ডে স্কেভেটরের সাহায্যে খালের আবর্জনা উত্তোলনের যে তথ্য উপস্থাপিত হয়েছে তা অনেকাংশে গড়মিল আছে। এখনো উক্ত ওয়ার্ডে যথেষ্ট কাজ অবশিষ্ট আছে।

১.৬: ২৪নং উত্তর আগ্রাবাদ ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর নাজমুল হক ডিউক ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের অনুকরণে ইমরাত নির্মাণের উপর দ্রুত রাজস্ব আদায়ের পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান।

১.৭: ২৬নং উত্তর হালিশহর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ ইলিয়াছ বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ঢালাই ও গুরুত্বপূর্ণ কাজ চলার সময় উপসহকারী প্রকৌশলী ও সুপারভাইজারদের উপস্থিতি নিশ্চিত করার জন্য সভাপতিকে বিনীত অনুরোধ জানান।

১.৮:২৯নং পশ্চিম মাদারবাড়ি ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব গোলাম মোঃ জোবায়ের বলেন,নগরীতে লক্ষ লক্ষ ব্যবসায়ী থাকলেও ট্রেড লাইসেন্সধারীর সংখ্যা পর্যাপ্ত নয়। এ ক্ষেত্রে চসিকের প্রতিটি ওয়ার্ড কার্যালয়ে সপ্তাহে একদিন নির্ধারণ করে তা মাইকিং এর মাধ্যমে প্রচার করে লাইসেন্স ইস্যুর ব্যবস্থা নিলে ট্রেড লাইসেন্সধারীর সংখ্যা বৃদ্ধি পাবে ।

১.৯: ৩৪নং পাথরঘাটা ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব পুলক খাস্তগীর গত দুই বছর আগে টেন্ডারকৃত পাথরঘাটা কলাবাগিচার একটি পুকুরের সংস্কার কাজ ঠিকাদার কর্তৃক যথাযথভাবে সম্পন্ন না করার ফলে সৃষ্ট সমস্যার কথা তুলে ধরে তা নিরসনের পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। তিনি জেলখানার কয়েদীদের সব আবর্জনা জেল রোডের নালায় ফেলার কারণে সৃষ্ট ময়লা আর্বজনা সমূহ পরিষ্কারের জন্য নিয়মিত স্কেভেটরের ব্যবস্থা রাখার জন্য আবেদন জানান।

১.১০: ৪০নং উত্তর পতেঙ্গা ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব আবদুল বারেক ব্যাটারিচালিত রিক্সার বদলে সৌরবিদ্যুৎ চালিত রিক্সার প্রস্তাব দিয়ে বলেন, নগরে ব্যাটারিচালিত অবৈধ রিক্সার কারণে যানজট ও নানান ভোগান্তি সৃষ্টি হচ্ছে। সৌর বিদ্যুৎ ব্যবহার করে নিরাপদ যাত্রী পরিবহনে বিদ্যুৎ সাশ্রয়ী রিক্সার তৈরি করে তা চলাচলের বৈধতা দেয়ার বিষয়ে পদক্ষেপ নিতে অনুরোধ জানান।

১.১১: ৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব ছালেহ আহমদ চৌধুরী এয়ারপোর্ট রোডের দুই কিলোমিটার ড্রেন পরিষ্কার করা অত্যাবশ্যক উল্লেখ করে জানান, একটু বৃষ্টি হলে পানি ড্রেন উপচে সড়কের উপর দিয়ে প্রবাহিত হবে এবং সড়কটি ক্ষতিগ্রস্থ হবে।

১.১২: নির্বাহী প্রকৌশলী আবু সিদ্দিক বলেন, হাটহাজারী রোড নিয়ে যে অভিযোগ আছে তা সত্য। তবে সড়কটি প্রতিনিয়ত ওয়াসার পাইপ লাইনের লিকেজের কারণে মেরামত কষ্টসাধ্য হয়ে পড়েছে। তবে লিকেজের পরিমান এখন সহনশীল হচ্ছে বিধায় সড়ক সংস্কারের কাজটি দ্রুততার সাথে সম্পন্ন করার ব্যবস্থা নেয়া হবে।

১.১৩: উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা জনাব মোঃ মোরশেদুল আলম চৌধুরী বিগত সময়ে বিভিন্ন ওয়ার্ডে স্কেভেটরের মাধ্যমে খাল নালা পরিষ্কারের তথ্য উপস্থাপন করেন এবং অবশিষ্ট কাজ এক মাসের মধ্যে সম্পন্ন করা হবে বলে মর্মে সভাকে অবহিত করেন।

১.১৪: প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী বলেন, ৫-৮ জুন ভিটামিন এ ক্যাম্পেইন উপলক্ষে ইতোমধ্যে অ্যাডভোকেসি সভা করা হয়েছে।তিনি এ কর্মসূচি বাস্তবায়নে কাউন্সিলরদের সহযোগিতা কামনা করেন। চকবাজার ওয়ার্ডের স্বাস্থ্যকেন্দ্রটিতে তুরষ্ক সরকারের সহযোগিতায় আধুনিকীকরণ ও ইমপেশেন্ট রোগী সেবা দেবার ব্যবস্থা করা হয়েছে। মেমন মাতৃসদন হাসপাতালকে সংস্কার পূর্বক আধুনিক স্বাস্থ্য সেবা প্রদানর উপযুক্ত করে তোলার জন্য তিনি মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান। অত্র কর্পোরেশনের স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোহাম্মদ আলী ৪ জুন ২০২২ তারিখ অবসর গ্রহণ করবেন। অবসরোত্তর তাকে মেমন মাতৃসদন হাসপাতালের পরিচালক পদে চুক্তিভিত্তিক নিয়োগের দানের জন্য প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভাকে অনুরোধ জানান।

১.১৫: প্রধান রাজস্ব কর্মকর্তা জনাব মোহাম্মদ নজরুল ইসলাম বলেন, এ অর্থ বছরের ৩৮৪ কোটি ৭৬ লক্ষ ৭৪ হাজার টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে এখন পর্যন্ত ১৬৪ কোটি ৩২ লক্ষ ২১ হাজার টাকা রাজস্ব আদায় করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ৪৩%। তিনি উল্লেখ করনে গত অর্থ বছরে সর্বমোট রাজস্ব আদায়ের হার লক্ষ্যমাত্রার ৪৭% ছিল যা ১২৫ কোটি ৫১ লক্ষ ৪২৭ টাকা। তিনি অনাদায়ী খাতগুলো থেকে রাজস্ব আদায়ের জন্য উপ আইন বা প্রবিধান প্রণয়ন করতে হবে বলে জানান। ই-রেভিনিউ পদ্ধতিতে গৃহকর ও ট্রেড লাইসেন্স আদায় সন্তোষজনক নয় বলে তিনি সভাকে অবহিত করেন।

১.১৬: প্রধান প্রকৌশলী জনাব রফিকুল ইসলাম বলেন, ২৫০০ কোটির টাকা প্রকল্পের অধীনে ৩টি ডিভিশনের প্রকল্পের টেন্ডার আহবান করা হয়েছে।প্রকল্পের কাজ সঠিকভাবে সম্পন্ন করার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী মুনিরুল হুদা নেতৃত্বে একটি ইস্টিমেট সেল করা হয়েছে। এখানে এক ডিভিশনের ইস্টিমিট অন্য ডিভিশনের নির্বাহী প্রকৌশলী মাধ্যমে করা হচ্ছে। বারইপাড়া খালের প্রকল্পে কনসালটেন্টের প্রভিশন না থাকলেও চসিকের নিজস্ব অর্থায়নে কনসালটেন্ট নিয়োগ দিয়ে কাজের গুণগতমান নিশ্চিত করা হচ্ছে। বারইপাড়া খালের অগ্রগতি ২০% । প্রকল্পটি ডিসেম্বর ২০২৩ এর মধ্যে শেষ করার কর্ম পরিকল্পনা দেবার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশ দেয়া হয়েছে। সিডিএকে বাঁধ অপসারণ, রাস্তা সংস্কার এবং নিরাপত্তা দেয়াল নির্মানের জন্য চিঠি দেওয়া হয়েছে। ২১ টি খালের সম্ভব্যতা নিরুপনের জন্য নথি অনুমোদন সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে। খেলার মাঠ,পকেট ল্যান্ডগুলো ডেভেলাপারের জন্য রেলের অনাপত্তিপত্র প্রাপ্তি সাপেক্ষে ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। পকেট ল্যান্ড ডেভেলপরের দায়িত্ব তত্ত্বাধায়ক প্রকৌশলী আবু সালেহ,নিজস্ব অর্থায়নে ফুটপাত উন্নয়নের দায়িত্ব অতিরিক্ত প্রধান প্রকৌশলী কামরুল ইসলাম এবং শেয়ারিং ভিত্তিতে ভূমি উন্নয়নের দায়িত্ব তত্ত্বধায়ক প্রকৌশলী মুনিরুল হুদাকে অর্পণ করা হয়েছে। এ তিনটি বিষয়ে প্রয়োজনে প্রতি সপ্তাহে মেয়র মহোদয়কে রিপোর্টি প্রদান করা হবে মর্মে প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন।

১.১৭: প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ শহীদুল আলম তার বক্তব্যে রাজস্ব বিভাগের উদ্দেশ্যে বলেন, রাজস্ব আদায়ের হার বাড়ানোর জন্য অন্যান্য সিটি কর্পোরেশন থেকে অভিজ্ঞতা নিতে হবে। লাইসেন্স ইন্সপেক্টর, কর আদায়কারী ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে নিয়মিত সভা আয়োজন করতে হবে। ই রেভিনিউ পদ্ধতিতে রাজস্ব আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। রাজস্ব আদায়ের হার ৭০% থেকে ৯০% মধ্যে না হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। ভু- সম্পত্তি বিভাগের ওয়ার্ডওয়ারী সম্পদের তালিকা করে কোন সম্পদ বেদখল থাকলে তা চসিকের আয়ত্বে নিতে হবে।

তিনি প্রকৌশল বিভাগের উদ্দেশ্যে বলেন ,প্রকল্প গ্রহণকালে সঠিক অনুসন্ধান, প্রকল্পের পরামর্শক ব্যয়সহ যা প্রয়োজনীয় ব্যয় হবে তা প্রকল্পের মধ্যে অর্ন্তভুক্ত করা নিশ্চিত করতে হবে। প্রকল্প গ্রহণকালে কোন ধরনের তাড়াহুড়ো না করে সঠিক অবস্থান ও প্রয়োজনের নিরীখে প্রকল্প তৈরী করতে মনোযোগী হবার আহবান জানান।

আসন্ন ঈদুল আজহাকে সামনে রেখে কোরবানী পশুর আর্বজনা দ্রুততার সাথে অপসারণ,চামড়া ব্যবস্থাপনার ক্ষেত্রে বিগত বছরের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে আশু পদক্ষেপ গ্রহণ এবং এখন থেকে উল্লেখিত কাজের ব্যাপারে যা যা সরঞ্জামাদি প্রয়োজন তা যথাসময়ে সংগ্রহ করার উপর গুরুত্ব আরোপ করেন।

১.১৮: সম্মানিত সভাপতি মাননীয় মেয়র জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী তাঁর বক্তব্যের শুরুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্যানেল মেয়রবৃন্দ, কাউন্সিলরবৃন্দ,কর্মকর্তাবৃন্দ ও অন্যান্য সংস্থা থেকে আগত কর্মকর্তাবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন, বর্ষা মৌসুম শুরু হয়েছে। কয়েক দিন আগে এক ঘন্টার বৃষ্টিতে বহদ্দারহাট, মুরাদপুরসহ অনেক এলাকায় জলজটের কারণে যে নাগরিক ভোগান্তি সৃষ্টি হয়েছে তা সত্যিকার অর্থে দুঃখজনক। জলাবদ্ধতা নিরসনে বিগত কয়েক বছর ধরে মেগা প্রকল্পের কাজ চলমান রয়েছে। এই প্রকল্প বাস্তবায়নের স্বার্থে অনেকগুলো খাল ও নালায় বাঁধ দিতে হয়েছে এবং খাল-নালা ভরাট করে রাস্তা নির্মাণ করা হয়েছে। এই বাঁধগুলো সরিয়ে বৃষ্টির পানি চলাচলের জন্য প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ও সিডিএকে বার বার তাগাদা দেয়ার পরও তারা বাঁধ অপসারণ করেন নাই। যে কারণে এক ঘন্টার বৃষ্টিতে নগরীতে জলজটের সৃষ্টি হয়েছে। তিনি আগামী ১০ দিনের মধ্যে সবগুলো খাল ও নালার বাঁধ অপসারণ করে পানি চলাচলের প্রতিবন্ধকতা দূর করার জন্য প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাকে জরুরী ভিত্তিতে ব্যবস্থা নেয়ার আহ্বান জানান।

সভাপতি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে নিজস্ব রাজস্ব খাত থেকে আয় দিয়ে প্রতিষ্ঠানিক ব্যয়ভার নির্বাহ করতে হয়। কর আদায়ের ক্ষেত্রে সঠিক ভূমিকা পালন করা হচ্ছে না বিধায় কর আদায়ে লক্ষ্যমাত্রা পুরণে আমরা ব্যর্থ হচ্ছি। অন্যদিকে কর আদায়ের ২৬টি খাতের মধ্যে মাত্র কয়েকটি খাত থেকে কর আদায় করা হয়। অন্যান্য খাতগুলো চিহ্নিত করে রাজস্ব বৃদ্ধির বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমতিক্রমে কার্যকর পদক্ষেপ নিতে হবে। তিনি আরো বলেন, ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশন ইমারত নির্মাণের উপর কর আদায় করছে। চসিকেরও ইমারত নির্মাণ খাত থেকে কর আদায়ের ব্যবস্থা করতে হবে। নালার উপর স্ল্যাব বসিয়ে যারা সুবিধা ভোগ করছেন তাদেরকেও শতভাগ করের আওতায় আনতে হবে। তিনি নগরীতে ব্যাটারী চালিত অবৈধ রিক্সার কারণে যানজট ও নানা ভোগান্তি সৃষ্টি হচ্ছে জানিয়ে বলেন, ব্যাটারী চালিত রিক্সার বদলে সৌর বিদ্যুৎ ব্যবহার করে নিরাপদ যাত্রী পরিবহণে বিদ্যুৎ সাশ্রয়ী রিক্সা তৈরী করে তা চলাচলের বৈধতা দেয়ার বিষয়টি বিআরটিএ ও পুলিশ প্রশাসনের সাথে মতবিনিময় সভা করার উদ্যোগ গ্রহণের নির্দেশ দেন ।

সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উন্নয়ন প্রকল্প গ্রহন করার ক্ষেত্রে কোন প্রকল্পটি অগ্রাধিকার দেয়া হবে তা ওয়ার্ড কাউন্সিলরদের মতামত নিতে প্রকৌশল বিভাগকে নির্দেশনা দেন। তিনি হাটহাজারী রোডের কাজ চসিক নিজস্ব এ্যাসফল্ট প্লান্টের মালামাল দিয়ে দ্রুততার সাথে সম্পন্ন করা ও বারইপাড়া খাল খননের কাজ ২০২৩ সালের ডিসেম্বরের মধ্যে সম্পন্ন করারও নির্দেশনা দেন এবং প্রতিমাসে কাজের অগ্রগতি প্রতিবেদন আকারে জমা দেয়ার কথা উল্লেখ করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামবাসীর প্রতি আন্তরিক হয়ে সম্পূর্ণ সরকারি ব্যয়ে ২৫০০ কোটি টাকার প্রকল্প ও ১৩০০ কোটি টাকার খাল খনন প্রকল্প চসিককে দিয়েছে তা দ্রুত ও স্বচ্ছতার সাথে গুণগত মান বজায় রেখে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন।

এছাড়াও সভাপতি মেগা প্রকল্পের বাইরে নগরীতে যে ২১ টি খাল রয়েছে তার উপর সম্ভাব্যতা যাচাই ও প্রকল্প গ্রহণ করার কাজ দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রকৌশলীদের নির্দেশনা দেন এবং এলইডি প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসুত্রিতা নিরসনে জরুরী পদক্ষেপ নেয়া হবে বলে সভাকে অবহিত করেন। তিনি প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালককে এ বিষয়ে ঢাকায় যোগাযোগ করে কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন।

সভাপতি চসিক মেমন হাসপাতালের আধুনিকায়নের কাজ সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করে নগরীর আরবান স্বাস্থ্য কেন্দ্রগুলোকে কাউন্সিলরের সমন্বয়ে ছোট ছোট প্রকল্পের মাধ্যমে সংস্কার করা হবে বলে জানান। তিনি মেমন মাতৃসদন হাসপাতাল পরিচালনার জন্য স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোঃ আলীকে পরিচালক পদে পিআরএল কালীন সময় থেকে চুক্তি ভিত্তিক নিয়োগ দানের প্রস্তাবনা বিষয়ে আইনগত দিক যাচাই বাছাই করে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য নির্দেশ দেন।তিনি আগামী ৫ জুন থেকে ৮ জুন পর্যন্ত ভিটামিন 'এ' প্লাস কর্মসূচী সফল করার জন্য কাউন্সিলরদের সম্পৃক্ত করার আহ্বান জানান।

সভাপতি পরিচ্ছন্ন বিভাগের কার্যক্রমের উপর অসন্তোষ প্রকাশ করে বলেন, জোন ভাগ করে দেয়ার পরও সুপারভাইজারদের অবহেলার কারণে এখনো নগরীতে ময়লার স্তুপ দৃশ্যমান যা কোন অবস্থায় মেনে নেয়া যায় না। তিনি মশক নিধনের উপর গুরুত্ব দিয়ে বলেন, বর্ষা মৌসুমে ডেঙ্গু ও চিকুনগুনিয়ার প্রার্দুভাব বেড়ে যায় বিধায় এখন থেকে মশার ওষুধ ছিটানো ও পরিষ্কার পরিচ্ছন্নতা কাজের মাধ্যমে এডিস মশার বিস্তার রোধ করা হবে।

তিনি বলেন, আসন্ন পবিত্র ঈদুল আযহাকে সামনে রেখে নগরীর কোরবানী পশুর বর্জ্য দ্রুততার সাথে অপসারণের জন্য এখন থেকে সার্বিক প্রস্তুতি নেয়া এবং পশুর চামড়া যত্রতত্র ফেলা থেকে বিরত থাকার জন্য নগরবাসীকে সচেতন করতে হবে।

সভাপতি নগরীতে সকল সেবাদানকারী সংস্থাকে তাদের কাজের সমন্বয়ের উপর পূনরায় গুরুত্বারোপ করেন এবং সকলের অর্পিত দায়িত্ব সবোর্চ্চ আন্তরিকতা ও নিষ্ঠার সাথে পালনের জন্য অনুরোধ জানান।

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচ্যসূচি ০১ ঃ গত ২৮এপ্রিল ২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৫ম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিগত ২৮ এপ্রিল ২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৫তম সাধারণ সভার কার্যবিবরণী প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থাপন করেন। | কোন সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৫তম সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | ১। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচি ০২ ঃ গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রধান নির্বাহী কর্মকর্তার আহবানে সচিব সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সাধারণ সভার অবাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। বিভাগীয় প্রধান (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি ০৩ (ক) ঃ জলাবদ্ধতা নিয়ন্ত্রণে করণীয় নিয়ে আলোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| জলাবদ্ধতা নিয়ন্ত্রণে করনীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়। | ১। চলমান বর্ষা মৌসুমে বৃষ্টির ফলে যে সব স্থান সমূহে জলাবদ্ধতা সৃষ্টি হয় বৃষ্টি হওয়া মাত্র সে সব স্থানে চসিকের পরিচ্ছন্নতা বিভাগের বিশেষ দল ও সাধারণ পরিচ্ছন্ন কর্মীরা উপস্থিত হয়ে নালার পলিথিন, প্লাষ্টিক,আর্বজনা প্রভৃতি প্রতিবন্ধকতা সমূহ অপসারণ করে দ্রুত পানি নিষ্কাষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সিডিএ'র মেগা প্রকল্প বর্হিভূত যে সব খাল-নালা-নর্দমাগুলো এখনো পরিষ্কার করা হয়নি তা চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিজস্ব স্কেভেটর,ডাম্প ট্রাক দ্বারা বা ভাড়া করে ও প্রয়োজনে আউটসোর্সিং এর মাধ্যমে অতিরিক্ত জনবল দিয়ে দ্রুত পরিষ্কার করতে হবে।<br>৩। জলাবদ্ধতার মেগা প্রকল্পের খাল, স্লুইচ গেইট পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় দক্ষ জনবল অর্গানোগ্রামে অন্তর্ভুক্ত করে জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে । এ বিষয়ে সচিবালয় বিভাগ থেকে প্রকৌশল বিভাগের প্রেরিত পত্রের উত্তর জরুরী ভিত্তিতে জানাতে হবে।<br>৪।নগরীর যে সমস্ত ছোট বড় নালা সমূহের পাশ দিয়ে চলাচলে ঝুঁকিপূর্ণ স্থান রয়েছে তা চিহ্নিত করে হাল নাগাদ তালিকা প্রস্তুত পূর্বক নিরাপত্তা দেয়াল/ বেষ্টনী/ স্ল্যাব জুনমাসের মধ্যে বসাতে হবে। নিরাপত্তা নির্দেশনা সংস্বলিত সাইনবোর্ড/ষ্ট্যান্ড স্থাপন করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন মাসওয়ারী সাধারণ সভার পূর্বে দাখিল করতে হবে।<br>৫। রাস্তা, ফুটপাত ও কর্পোরেশনের নিজস্ব জায়গায় অবৈধ স্থাপনা উচ্ছেদের কার্যক্রম অব্যাহত রাখার মাধ্যমে নগরীকে যানজট ও জলজট মুক্ত রাখতে হবে। | ১। উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। ক) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান/উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা,<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৪। প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৫। (ক) নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) স্পেশাল ম্যাজিস্ট্রেট<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(গ) ভূ-সম্পত্তি কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি ০৩ (খ) ঃ পরিচ্ছন্নতা বিভাগের বিষয়ে আলোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| পরিচ্ছন্নতা বিভাগের কার্যক্রম বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১। জোন প্রধান, তত্ত্বাবধায়ক, পরিদর্শক, সুপারভাইজার / দলপতিদের নিজ নিজ দায়িত্ব এলাকায় উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>২। ডেঙ্গু,চিকুনগুনিয়ার প্রার্দুভাবরোধে মশার ঔষধ ছিঁটানোর কার্যক্রমে গতিশীলতা আনায়নে মশক নিধন কর্মকর্তাসহ সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩। আসন্ন ঈদুল আযহা উপলক্ষে বর্জ্য ব্যবস্থাপনা কমিটির সভার মাধ্যমে প্রয়োজনে সংশ্লিষ্ট কাউন্সিলরদের সমন্বয়ে কমিটি গঠন করে কোরবানীর দশ ঘন্টার মধ্যে বর্জ্য অপসারণ ও চামড়া ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।ডোর টু ডোর প্রকল্পে | ১। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সটি কর্পোরেশন<br>২। (ক) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) মশক নিধন কর্মকর্তা (অঃদা)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। সভাপতি ও |

| | | |
|---|---|---|
| | কর্মরত শ্রমিকদের তালিকা মেয়র মহোদয় বরাবর জরুরী ভিত্তিতে পেশ করতে হবে।<br>৪। বর্ষায় নগরের কোন স্থানে যাতে পানি জমে না থাকে সে জন্য প্রতিটি ছোট বড় নালা নর্দমা পরিষ্কার করে পানি চলাচল ব্যবস্থা সচল করতে হবে এবং উত্তোলিত ময়লা আর্বজনা দ্রুততার সাথে রাস্তা থেকে অপসারণের ব্যবস্থা করতে হবে।<br>৫। নগরীর রাস্তা ফুটপাতের অবৈধ স্থাপনা, দোকান,ভাসমান ভ্যানউচ্ছেদের জন্য জেলা প্রশাসন, সিএমপি ,সিডিএ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন সমন্বিতভাবে সভা আয়োজন করে একযোগে উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬।সকল ওয়ার্ডের বিভিন্ন অলিগলি,মসজিদের আশপাশ,কবরস্থান,নালানর্দমা,বসতবাড়ীর আঙ্গিনাসহ অন্যান্য সকল স্থানের ঝোপঝাড় পরিষ্কার করা এবং কাজের অগ্রগতি প্রতিবেদন ওয়ার্ড ভিত্তিক প্রতিবেদন আকারে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।<br>৭। আসন্ন পবিত্র ঈদুল আযহা-২০২২ উদযাপন উপলক্ষে প্রতি বছরে ন্যায় এবারো চট্টগ্রাম মহানগরীতে ঈদ পরবর্তী বর্জ্য অপসারণ ও পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ দ্রব্যাদির (ব্লিচিং পাউডার, হুইল ব্যরো, কনজারভেন্সি কাটা, পাঞ্জা, ড্রেইন কাটার আটদাঁত, বেলচা, ক্যারেট, বালতি, কোদাল বড় ড্রেইন ব্রাশ ইত্যাদি) চাহিদা নির্ধারণ ও তা ক্রয়ের নিমিত্ত গৃহিত ব্যবস্থা সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন আগামী সভায় পেশ করতে হবে। সারা বছরের জন্য লার্ভিসাইড ও এডাল্টিসাইড ক্রয়ের ব্যাপারে গৃহিত পদক্ষেপ সমূহ প্রতিবেদনাকারে প্রেরণ করতে হবে। | প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৪।প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৫। ক) প্রধান নির্বাহী কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ)প্রধান/উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৬-৭।(ক) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি ০৩ (গ) ঃ ডেঙ্গু, চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ ও করণীয় নিয়ে আলোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ডেঙ্গু ও চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১। ডেঙ্গু, চিকুনগুনিয়ার প্রার্দুভাবরোধে মশার ঔষধ ছিঁটানোর কার্যক্রমে গতিশীলতা আনতে হবে।<br>২। এডিস মশার উৎপত্তি স্থল বাসা বাড়ির বেইজমেন্ট, কার পার্কিং, বালতি, ড্রাম, ফুলের টব,ফ্রিজ, এবং এয়ার কন্ডিশনারের নিচের পানি কোনভাবেই যেন জমে না থাকে সে দিকে লক্ষ্য রাখার জন্য এবং অব্যবহৃত গাড়ীর টায়ার,নির্মাণ কাজে ব্যবহৃত চৌবাচ্চা, পরিত্যাক্ত ও ভাঙ্গা হাঁড়ি,ডাবের খোসা,সহ নানবিধ অপ্রয়োজনীয় বস্তুতে যাতে পানি জমে না থাকে এ বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও স্পেশাল ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে মোবাইল কোর্ট/সংক্ষিপ্ত বিচার আদালত পরিচালনা করতে হবে। | ১। ক) প্রধান/উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা (অঃ দাঃ), চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>২। ক) নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>খ) প্রধান/উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) মশক নিধণ কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

| আলোচ্যসূচী ০৪ ঃ বিবিধ (১) চট্টগ্রাম সিটি কর্পোরেশন পুরকৌশল বিভাগ প্রসঙ্গে আলোচনা। |
|---|

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পুরকৌশল শাখার কার্যক্রম বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। বারইপাড়া খাল খনন প্রকল্পের কাজ ২০২৩ ডিসেম্বরের মধ্যে সম্পন্ন করার জন্যে কর্ম পরিকল্পনা তৈরি পূর্বক তা মাসওয়ারী বিভক্ত করে বাস্তবায়ন করতে হবে।<br>২। বারইপাড়া খাল খনন প্রকল্পের ষোল (১৬) টি ব্লকের কাজ একযোগে পরিচালিত করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতি মাসে মেয়র মহোদয় বরাবর প্রেরণ করতে হবে।<br>৩। ২৫০০ কোটি টাকার উন্নয়ন প্রকল্প গ্রহণ করার ক্ষেত্রে কোন প্রকল্পটি অগ্রাধিকার দেওয়া হবে সে ব্যাপারে ওয়ার্ড কাউন্সিলরগনের মতামত গ্রহণ করতে হবে।<br>৪। হাটহাজারী রোডের সংস্কার কাজ চসিক এর নিজস্ব এ্যাসফল্ট প্ল্যান্টের নির্মাণ সামগ্রী ব্যবহার করে জরুরী ভিত্তিতে সম্পন্ন করতে হবে।<br>৫। বিভিন্ন প্রকল্পের উন্নয়ন কাজ যেমন ঢালাই, কার্পেটিং, টাইলস, স্ল্যাব নির্মাণ ইত্যাদি ক্ষেত্রে সুপার ভাইজার ও উপসহকারী প্রকৌশলীদের কর্ম স্থলে উপস্থিতি নিশ্চিত করতে হবে অন্যথায় তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬। এলইডি প্রকল্পের দরপত্র সংক্রান্ত কার্যক্রম তরান্বিত করণের বিষয়ে প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক মন্ত্রণালয়ে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৭। বর্ষা মৌসুম আসন্ন বিধায় সিডিএ' কর্তৃক বাস্তবায়নাধীন মেগা প্রকল্পের অর্ন্তভুক্ত খালের বাঁধ অপসারণ,খাল সমূহের ঝুঁকিপূর্ণ স্থানে নিরাপত্তা ব্যবস্থা জোরদারের মাধ্যমে অনভিপ্রেত দূর্ঘটনা রোধ করা, নির্মাণাধীন ফ্লাইওভারের পার্শ্বে ক্ষতিগ্রস্থ রাস্তাসমূহ সংস্কার করার বিষয়ে চউক বরাবর পত্র প্রেরণের প্রেক্ষিতে চউক কর্তৃক গৃহীত কার্যক্রমের বিষয়ে অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>৮। বর্ষা মৌসুম শুরুর পূর্বে নগরীর সব খাল নালার মাটি স্কেভেটরের মাধ্যমে উত্তোলন করে পানি নিষ্কাশন ব্যবস্থা সচল করতে হবে।<br>৯। নগরীর ফুটপাতের বিনষ্ট স্ল্যাব মেরামত ও ঝুঁকিপূর্ণ স্থানে দূর্ঘটনা রোধে নালার উপর স্ল্যাব/নিরাপত্তা বেষ্টনী/নির্দেশক চিহ্ন স্থাপন করতে হবে।<br>১০। মেগা প্রকল্প বহির্ভূত ২১টি খাল চিহ্নিত করে সীমানা নির্ধারণ ও সম্ভাব্যতা যাচাইয়ের জন্য কনসালটেন্ট নিয়োগ | ১-৫। প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৬। ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ),চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৭। প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৮। ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশ<br>৯-১২। প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| | প্রক্রিয়া দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।<br>১১। নগরীর রাস্তা ও অলি গলির খানা খন্দক প্যাচওয়াক/কার্পেটিং এর মাধ্যমে মেরামত করতে হবে।<br>১২। নগরীতে প্রয়োজনীয় রাস্তা নির্মাণের চাহিদা মাঠ পর্যায়ে সরজমিনে উপস্থিত হয়ে পরিমাপ করে সংশ্লিষ্ট কাউন্সিলরদের সাথে সমন্বয় করে সংশ্লিষ্ট প্রকৌশলীগণ তালিকা প্রস্তুত পূর্বক মেয়র মহোদয় বরাবর উপস্থাপন করতে হবে। | |

আলোচ্যসূচী ০৪ ঃ বিবিধ (২) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব বিভাগ প্রসঙ্গে আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব বিভাগের কার্যক্রম বিস্তারিত আলোচনান্তে পাশ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। ইমারত নির্মাণ, পুন:নির্মাণের উপর জরুরী ভিত্তিতে কর আদায়ের ব্যবস্থা করতে হবে।<br>২। ২৬ ছাব্বিশটি খাত এবং এর বর্হিভূত খাত থেকে (অন্যান্য সিটি কর্পোরেশনের যে সব খাত হতে কর আদায় করছে সে সব খাত হতে) কর আদায়ের ব্যবস্থা করতে হবে।<br>৩। ই-রেভিনিউ পদ্ধতিতে রাজস্ব আদায়ের হার বাড়াতে হবে।<br>৪। প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা সমন্বয়ে কর আদায়ে সুপারভিশন মনিটরিং বাড়াতে হবে।<br>৫। লাইসেন্স ইন্সপেক্টরদের সপ্তাহে একদিন কাউন্সিলর কার্যালয়ে অবস্থান করে ট্রেড লাইসেন্স ইস্যু করতে হবে।<br>৬। যে সব আদায়কারী ৭০% (সত্তর পাসেন্ট) এর নীচে কর আদায় করেছে তাদেরকে শোকজ করতে হবে এবং আদায়ের হার বৃদ্ধির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৭। রাজস্ব আদায়ে গতিশীলতা আনায়নের জন্য প্রতি মাসে রাজস্ব বিভাগের কর্মকর্তা কর্মচারীদের সাথে মত বিনিময় সভার আয়োজন করতে হবে। | ১ -৭। (ক) প্রধান রাজস্ব কর্মকর্তা,<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচী ০৪ ঃ বিবিধ (৩) চট্টগ্রাম সিটি কর্পোরেশন স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সংক্রান্ত আলোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশন স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সংক্রান্ত আলোচনায় স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোঃ আলীকে চুক্তি ভিত্তিক নিয়োগ দানের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | মেমন মাতৃসদন হাসপাতাল পরিচালনার জন্য স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোঃ আলীকে পরিচালক পদে পিআরএল কালীন সময় থেকে চুক্তি ভিত্তিক নিয়োগ দানের বিষয়ে আইনগত/বিধিগত দিকগুলো আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা,<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>২। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন। |

| আলোচ্যসূচী ০৪ ঃ বিবিধ (৪) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনা বিভাগ প্রসঙ্গে আলোচনাঃ |
|---|

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনা বিভাগের কার্যক্রম বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। নগর পরিকল্পনা বিভাগের অধীনে বাস্তবায়নাধীন সৌন্দর্যবর্ধন প্রকল্পের চুক্তি অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন না করায় তাদের সাথে সম্পাদিত চুক্তি বাতিল সম্পর্কিত কার্যক্রমের প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>২। সৌন্দর্যবর্ধন প্রতিষ্ঠান সমূহের সাথে চুক্তি অনুযায়ী রাজস্ব আদায়ের হালনাগাদ কার্যক্রমের বিবরণ উপস্থাপন করতে হবে।<br>৩। সৌন্দর্যবর্ধন চুক্তিগুলোতে যে অনিয়ম অসংগতি রয়েছে তা দূরীকরণে বিগত সাধারণ সভায় চুক্তিগুলো রিভিউ করার যে সিদ্ধান্ত ছিল তার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br>৪। মিড অ্যাইল্যান্ডে রোপিত গাছগুলোতে নিয়মিত পানি দেওয়া নিশ্চিত করতে হবে।<br>৫। সৌন্দর্যবর্ধনের প্রকল্পের চুক্তি মোতাবেক যে সব প্রতিষ্ঠান সঠিকভাবে কাজ করেনি তাদের সাথে সম্পন্ন চুক্তিগুলো বাতিল করতে হবে। এ সংক্রান্ত রিপোর্টি ১৫ দিনের মধ্যে পেশ করতে হবে।<br>৬। সৌন্দর্য বর্ধনের নামে যারা চুক্তি বর্হিভূত ভাবে দোকান, বিল বোর্ড, স্থাপন করেছে তা তদন্ত পূর্বক ০৭ (সাত) দিনের মধ্যে রিপোর্ট দিতে হবে এবং তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৭। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পাবলিক লাইব্রেরী ভবনের লাইব্রেরী অংশ ভাষা আন্দোলনের প্রথম কবিতা "কাঁদতে আসেনি ফাঁসির দাবী নিয়ে এসেছি" এর রচিয়তা কবি মাহবুবুল আলম চৌধুরীর নামে নাম করণের জন্য ২০১৫ সালের ৪র্থ নির্বাচিত পরিষদের ৫৫ তম সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের উত্তর না আসায় পুন:রায় প্রধান নির্বাহী কর্মকর্তার মাধ্যমে মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-৭। নগর পরিকল্পনাবিদ চট্টগ্রাম সিটি কর্পোরেশন। |

| আলোচ্যসূচী ০৪ ঃ বিবিধ (৫) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ম্যাজিস্ট্রেট শাখা প্রসঙ্গে আলোচনাঃ |
|---|

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনা বিভাগের কার্যক্রম বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। ডেঙ্গু, চিকুনগুনিয়ার প্রাদুর্ভাব রোধে নির্বাহী ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>২। যানজট ও জনভোগান্তি নিরসনে সড়কে অবৈধ দোকানপাট, পাকিং,নির্মাণ সামগ্রী, ময়লা- আর্বজনা, অবৈধ যানবাহন, অবৈধ হকার উচ্ছেদে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও স্পেশাল ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>৩। রাজস্ব আদায়ে গতিশীলতা আনায়নে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১। নির্বাহী ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২-৩। ক) স্পেশাল ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) নির্বাহী ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

| আলোচ্যসূচি ০৪ ঃ বিবিধ (৬) দরপত্র কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন |
|---|

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ১০-৪-২০২২ তারিখে অনুষ্ঠিতদরপত্র কমিটির সভার কার্যবিবরণী সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। | ১। ১০-৪-২০২২ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী উপস্থাপন সাপেক্ষে সর্বসম্মতিক্রমে সাধারণ সভায় অনুমোদন করা হয়। পরবর্তীতে এ ধরনের দরপত্র কমিটির সভার কার্যবিবরণী আরো বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করতে হবে। | ১। প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

| আলোচ্য সূচি ০৫ (ক) ঃ অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির ১১তম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন |
|---|

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ২৩ মে ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত অর্থ ওসংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির ১১ তম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। সভায় গৃহীত ১১টি সিদ্ধান্তের মধ্যে ১০ টি বাস্তবায়নে সাধারণ সভার অনুমোদন প্রয়োজন বিধায় নির্ম্মোক্ত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১। (ক) সিটি কর্পোরেশন ও পৌরসভা কর সংক্রান্ত আইন বিধি এর দ্বিতীয় তফসিলে উল্লেখিত কর্পোরেশন কর্তক আরোপনীয় কর, রেইট, টোল, সেস ও ফিস সমূহ (ধারা ৬৬) ২৬ খাত হতে রাজস্ব আদায়ের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গ্রহন করা হয়।<br>(খ) ই-রেভিনিউ পদ্ধতিতে আদায়কৃত রাজস্বের পরিমান রিপোর্ট আকারে প্রতিমাসে উপস্থাপন বিষয়ে আলোচনা হয়।<br>(গ) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মালিকানাধীন বিভিন্ন মার্কেটের ভাড়া নির্ধারণ প্রসঙ্গে চসিক নিউ মার্কেট মোড়স্থ মার্কেট ও গরীবউল্লাহ শাহ মাজার সংলগ্ন প্রাইম ব্যাংক এর ভাড়া নির্ধারণের বিষয়ে আলোচনা হয়।<br>(ঘ) ফ্যাইলাতলী কিচেন মার্কেটের দোকান বরাদ্ধের বিষয় আলোচনা হয়।<br>(ঙ) বকেয়া রাজস্ব আদায়ের নির্বাহী | ১। ক) রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে তফশিলভুক্ত ২৬টি খাতের অন্যান্য খাত যেসব খাত হতে এখনো রাজস্ব আদায় করা হচ্ছে না সেসব খাত হতে রাজস্ব আদায়ের ব্যবস্থা করতে হবে।<br>খ) ই রেভিনিউ পদ্ধতিতে আদায়কৃত রাজস্বের পরিমাণ প্রতিমাসে প্রতিবেদন আকারে উপস্থাপন করতে হবে।<br>গ) নিউ মার্কেট মোড়স্থ সিটি কর্পোরেশন মার্কেট ও গরীবুল্লাহ শাহ মাজার সংলগ্ন প্রাইম ব্যাংকের ভাড়া নির্ধারণের বিষয়টি রাজস্ব কর্মকর্তা পুনঃতদন্ত করে পরবর্তী সভায় উপস্থাপন করবেন।<br>ঘ) ফইল্ল্যাতলী কিচেন মার্কেটের দোকন বরাদ্ধের বিষয়টি ত্বরান্বিত করতে হবে।<br>ঙ) বকেয়া রাজস্ব আদায়ে নির্বাহী ম্যাজিস্ট্রেট/স্পেশাল ম্যাজিস্ট্রেটের মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>২। চসিক মালিকানাধীন ওয়ার্ডভিত্তিক খালি জায়গার তালিকা প্রেরনের জন্য কাউন্সিলরদের নিকট পত্র প্রেরণ করতে হবে।<br>৩। ১নং ওয়ার্ডে গরুর বাজারটি ইজারার আওতায় আনা এবং বাকলিয়া একসেস রোডে অস্থায়ী গরুর বাজার স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। রাজস্ব বিভাগের হাল দাবী এবং সরকার বেসরকারী/মন্দাদাবী আদায়ের তথ্য মাসওয়ারী উপস্থাপন করতে হবে।<br>৫। হিসাব বিভাগের কার্যক্রম প্রতি কোয়ার্টারে সম্ভব না হলেও ষান্মাসিক ভিত্তিতে অন্তত একবার করে আন্তঃবিভাগীয় অডিট সম্পন্ন করে মাননীয় | ১। ক) প্রধান রাজস্ব কর্মকর্তা,<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>ঘ) ভূ- সম্পত্তি কর্মকর্তা<br>ঙ) নির্বাহী ম্যাজিস্ট্রেট / স্পেশাল ম্যাজিস্ট্রেট<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। ভূ- সম্পত্তি কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। ক) প্রধান রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) ভূ-সম্পত্তি কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৪। প্রধান রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৬।ক) সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) বিভাগীয় প্রধান (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৭। (ক) বিভাগীয় প্রধান (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>(খ) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৮।ক)১)চেয়ারম্যান<br>হিসাব নিরীক্ষণ স্থায়ী কমিটি |

| | | |
|---|---|---|
| ম্যাজিস্ট্রেট / স্পেশাল ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে আলোচনা হয়।<br>২) ওয়ার্ড ভিত্তিক সিটি কর্পোরেশনের খালি জায়গার তালিকা দেয়ার জন্য কাউন্সিলরদের বরাবরে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয় ।<br><br>৩) ১নং ওয়ার্ডে গরুর বাজারটি ইজারার আওতায় আনা এবং বাকলিয়া একসেস রোডে অস্থায়ী গরুর বাজার স্থাপনেরবিষয়ে আলোচনা করা হয়।<br><br>৪) রাজস্ব বিভাগের জনপ্রতি হাল দাবী এবং সরকারী, বেসরকারীর বকেয়া দাবী আদায় বিষয়ে আলোচনা করা হয়।<br><br>৫) হিসাব বিভাগের কার্যক্রম প্রতি কোয়ার্টারে সম্ভব না হলেও ষান্মাষিক ভিত্তিতে অন্তত একবার করে আন্তঃ বিভাগীয় অডিট কাজ সম্পন্ন করে তার একটি প্রতিবেদন মাননীয় মেয়র মহোদয় বরাবর দাখিল করার বিষয়ে আলোচনা করা হয় ।<br><br>৬) চসিকের সকল স্তরের, সকল বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের যাবতীয় বেতন ভাতাসহ নিয়মঅনুযায়ী প্রতিষ্ঠানিক শৃঙ্খলার স্বার্থে কর্মচারী ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কাজ সচিবালয় শাখার মাধ্যমে পরিচালনার বিষয় আলোচনা হয়।<br><br>৭) চসিকের অপ্রয়োজনীয় ব্যয় না করার জন্য প্রত্যেক বিভাগকে ব্যয় সাশ্রয়ী করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>৮) নিয়মিত অডিট কমিটির সভা করাএবং অডিট কার্যক্রম সংক্রান্ত ত্রৈমাসিক ভিত্তিতে রিপোর্ট প্রদানের বিষয়ে আলোচনা হয়। | মেয়র বরাবর প্রতিবেদন আকারে দাখিল করতে হবে।<br>৬। নিয়ম অনুয়ায়ী শৃঙ্খলার স্বার্থে কর্মচারী ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কাজ সচিবালয় বিভাগের মাধ্যমে সম্পন্ন করা ।<br>৭। চসিকের অপ্রয়োজনীয় ব্যয় না করার জন্য প্রত্যেক বিভাগকে ব্যয় সাশ্রয়ী হওয়ার বিষয়ে চিঠি প্রদান করতে হবে।<br>৮। (ক) নিয়মিত অডিট ষ্ট্যান্ডিং কমিটির সভা করতে হবে।<br>(খ)অডিট কার্যক্রম সংক্রান্ত ত্রৈমাসিক ভিত্তিতে রিপোর্ট প্রদান করতে হবে। | ক)২)প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৮। খ) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

৯) ত্রৈমাসিক কর নির্ধারণ এর ফাইলঃ

২০২১-২০২২ আর্থিক সনের ৩য় কোয়ার্টারের নতুন স্থাপনা ও সম্প্রসারিত হোল্ডিং এর প্রস্তুতকৃত মূল্যায়ন তালিকার (এসেসমেন্ট) সারসংক্ষেপঃ

(ক) রাজস্ব সার্কেল ১,২,৩,৪,৫,৬,৭ ও ৮ নং হতে প্রাপ্ত বিবরণী অনুযায়ী ২০২১-২০২২ আর্থিক সনের ৩য় কোয়ার্টারের নতুন স্থাপনা ও সম্প্রসারিত হোল্ডিং এর প্রস্তুতকৃত মূল্যায়ন তালিকার (এসেসমেন্ট) সারসংক্ষেপ নিম্নরূপ :

| ক্রঃ নং | হোল্ডিং সংখ্যা | | সাবেক মূল্যায়ন | সাবেক বার্ষিক কর | প্রস্তাবিত বার্ষিক মূল্যায়ন | প্রস্তাবিত বার্ষিক কর | বর্ধিত বার্ষিক কর |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | নতুন | ১৮২৯ | - | - | ১৯৫৮৭৮৯৭০ | ৩৫৪৬৫৯৮৯ | ৩৫৪৬৫৯৮৯ |
| ০২ | সম্প্রসারিত | ২৫৫ | ২১৪৯৪৪৫৬ | ৩২৩৭২১০ | ৯৬৮২৮৩০০ | ১৪৭৬৩০৯০ | ১১৫২৫৮৮০ |
| | সর্বমোট | ২০৮৪ | ২১৪৯৪৪৫৬ | ৩২৩৭২১০ | ২৯২৭০৭২৭০ | ৫০২২৯০৭৯ | ৪৬৯৯১৮৬৯ |

সিদ্ধান্ত : এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে রাজস্ব বিভাগের ১,২,৩,৪, ৫,৬, ৭ ও ৮নং হতে প্রাপ্ত বিবরণী অনুযায়ী ২০২১-২০২২ আর্থিক সনের ৩য় কোয়ার্টারের নতুন স্থাপনা ও সম্প্রসারিত হোল্ডিং এর ট্যাক্স কার্যকর করার নিমিত্তে নিম্ন ছক অনুযায়ী মূল্যায়ন তালিকা অনুমোদন করা হল।

বাস্তবায়নে: প্রধান রাজস্ব কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি ০৫ (খ) ঃ শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরনী অনুমোদন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| গত ২৪ মে ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির ৬ষ্ঠ সভায় গৃহীত ৩টি সিদ্ধান্ত বাস্তবায়নে সাধারণ সভার অনুমোদন প্রয়োজন বিধায় নিম্মোক্ত বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১। চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ভবন নির্মাণের বিষয়ে আলোচনা হয়।<br><br>২। চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের আসবাবপত্র মেরামত সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।<br><br>৩। চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পরিষ্কার পরিচ্ছন্নতার সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | ১। চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ভবন ঝুঁকিপূর্ণ, জরাজীর্ণ ও ব্যবহার অযোগ্য হওয়ায় নতুন ভবন নির্মাণের জন্য প্রতিষ্ঠান প্রধানগণ বিষয়টি ম্যানেজিং কমিটির সভার মাধ্যমে অনুমোদনপূর্বক শিক্ষা বিভাগকে অবহিত করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে উপানুষ্ঠানিক পত্র (ডিও লেটার) প্রেরণ করবেন।<br><br>২। চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আসবাবপত্রের অসংকুলতা নিরসনের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের রক্ষিত অব্যবহৃত মেরামতযোগ্য আসবাবপত্রসমূহ কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩। করোনা মহামারীর কারণে দীর্ঘদিন শ্রেণি কার্যক্রম বন্ধ থাকায় শিক্ষা প্রতিষ্ঠানের সৌন্দর্য ও স্বাস্থ্যকর পরিবেশ রক্ষার স্বার্থে স্থানীয় কাউন্সিলর ও পরিচ্ছন্নতা বিভাগকে সহযোগিতা করতে হবে। | ১। প্রতিষ্ঠান প্রধান<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br><br>২। ক) প্রধান শিক্ষা কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br><br>৩। ক) প্রধান শিক্ষা কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা,<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি ০৫ (গ) ঃ দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির ১১ম সভার কার্যবিবরণী অনুমোদন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ১৭ মে তারিখে অনুষ্ঠিত দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির ১১তম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। সভায় গৃহীত ১টি সিদ্ধান্ত বাস্তবায়নে সাধারণ সভার অনুমোদন প্রয়োজন বিধায় নিম্মোক্ত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১। আসন্ন বর্ষায় সম্ভাব্য অতিবৃষ্টির ফলে পাহাড় ধস রোধসহ সম্ভাব্য সকলধরনের প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলায় পাহাড়ী এলাকায় বসবাসরত হতদরিদ্র মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণে ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | ১। আসন্ন বর্ষায় সম্ভাব্য অতিবৃষ্টির ফলে পাহাড় ধস রোধসহ সম্ভাব্য সকলধরনের প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলায় পাহাড়ী এলাকায় বসবাসরত হতদরিদ্র মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিত করতে সকল সম্মানিতকাউন্সিলরবৃন্দের মাধ্যমে ওয়ার্ডভিত্তিক আশ্রয়কেন্দ্রগুলো প্রস্তুত রাখা এবং দূর্যোগকালীন সময়ে সকল ধরনের জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য আগাম প্রস্তুতি গ্রহণ করতে হবে। | ১। সভাপতি ও সদস্যবৃন্দ, দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>২। বস্তি উন্নয়ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি ০৫ (ঘ) ঃ পানি ও বিদ্যুৎ বিষয়ক স্থায়ী কমিটির ৮ম সভারকার্যবিবরণী অনুমোদন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ২৪ মে ২০২২ইং তারিখে অনুষ্ঠিত পানি ওবিদ্যুৎ বিষয়ক স্থায়ী কমিটির ৮ম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। সভায় গৃহীত ১টি সিদ্ধান্ত বাস্তবায়নে সাধারণ সভার অনুমোদন প্রয়োজন বিধায় নিম্মোক্ত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১। ওয়ার্ড অফিস, হাসপাতাল ও স্বাস্থ্য কমপ্লেক্স স্থাপিত প্রি-পেইড মিটারের ব্যবহৃত বিদ্যু বিল পরিশোধের বিষয়ে আলোচনা হয়। | ১। ওয়ার্ড অফিস, হাসপাতাল ও স্বাস্থ্য কমপ্লেক্সে স্থাপিত প্রি-পেইড মিটারের ব্যবহৃত বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর অথবা ওয়ার্ড সচিব এবং স্বাস্থ্য কমপ্লেক্সের প্রধানগণের নামে প্রতি বার কমপক্ষে ৫ হাজার টাকা অগ্রীম প্রদানের বিষয়টি মেয়র মহোদয়ের অনুমতি সাপেক্ষেপ্রদানের ব্যবস্থা করতে হবে। অগ্রীম টাকা পিডিবি এর প্রদত্ত বিল মোতাবেক সমন্বয় সাধন পূর্বক পুনরায় অগ্রীম নথি উপস্থাপন করিবেন। | ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ),<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) নির্বাহী প্রকৌশলী( বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) সম্মানিত ওয়ার্ড কাউন্সিলর (সংশ্লিষ্ট) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>ঘ)ওয়ার্ড সচিব (সংশ্লিষ্ট)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>ঙ) স্বাস্থ্য কমপ্লেক্সের প্রধান/স্বাস্থ্য কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি ০৫ (ঙ) ঃ বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ২৩ মে ২০২২ খ্রিঃ বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। সভায় গৃহীত ৬টি সিদ্ধান্ত বাস্তবায়নে সাধারণ সভার অনুমোদন প্রয়োজন বিধায় নির্ম্মোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>১। চট্টগ্রাম মহানগরীর বিভিন্ন বাজারের নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর মূল্য পরিস্থিতির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>২। চসিক এলাকায় অবস্থিত অবৈধ / অননুমোদিত বাজার বিষয়ে আলোচনা করা হয়।<br>৩। আসন্ন ঈদুল আযহা উপলক্ষ্যে অননুমোদিত অস্থায়ী পশু বাজার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>৪। মহানগরীর বিভিন্ন বাজার এলাকার রাস্তায় যানবাহন ও জনসাধারণের চলাচলে রাস্তা নির্বিঘ্ন রাখার লক্ষ্যে বিস্তারিত আলোচনা করা হয়।<br>৫। বিভিন্ন বাজার পরিদর্শন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>৬। চসিক এলাকায় বিভিন্ন বাজারের আর্বজনা পরিষ্কার পরিচ্ছন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। চট্টগ্রাম মহানগরীর বিভিন্ন বাজারের নিত্য প্রয়োজনীয়পণ্য সামগ্রীর মূল্যপরিস্থিতির বিষয়ে বাজার পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যবিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করতে হবে।<br>২। সম্মানিত কাউন্সিলরগণের নিকট হতে প্রাপ্ত তালিকায় বর্ণিত অবৈধ /অননুমোদিত ও ভাসমান বাজার বিজ্ঞ ম্যাজিস্ট্রেটের মাধ্যমে উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে অননুমোদিত অস্থায়ীপশু বাজার স্থাপন রোধে মোবাইল কোর্টে পরিচালনার ব্যবস্থা করতে হবে।<br>৪। মহানগরীর বিভিন্ন বাজার এলাকার রাস্তায় যানবাহন ও জনসাধারণে চলাচল নির্বিঘ্ন রাখার লক্ষ্যে রাস্তা ও ফুটপাতে দোকানের সম্মুখে যত্রতত্র পণ্য সামগ্রী রাখা ও দোকানের অবৈধ ছাউনী উচ্ছেদপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ওয়ার্ড কাউন্সিলর বরাবর পত্র প্রেরণ ও গণ বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। চসিক এলাকায় অবস্থিত বাজার সমূহে বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটির সম্মানীত সদস্যগন কর্তৃক বাজার পরিদর্শন করতে হবে।<br>৬। চসিক এলাকায় বিভিন্ন বাজারের আর্বজনা দ্রুততম সময়ের মধ্যে পরিস্কার পরিচ্ছন্ন করে বাজারের পরিবেশ সমুন্নত রাখতে হবে। | ১। খ) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) বিজ্ঞ স্পেশাল ম্যাজিস্ট্রেট<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। ক) বিজ্ঞ স্পেশাল ম্যাজিস্ট্রেট, চসিক।<br>খ) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) এস্টেট অফিসার<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। ক) বিজ্ঞ স্পেশাল ম্যাজিস্ট্রেট<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) এস্টেট অফিসার<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৪। ক) প্রধান রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) বিজ্ঞ স্পেশাল ম্যাজিস্ট্রেট<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>ঘ) এস্টেট অফিসার<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৫। সভাপতি/সদস্য সচিব<br>বাজার মূল্যপর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটি<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৬। ক)সভাপতি/ সম্পাদক<br>বাজার কমিটি<br>খ) উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচি ০৫ (চ) ঃ নগর পরিকল্পনা ও উন্নয়ন স্ট্যান্ডিং কমিটির ১০ম সভার কার্যবিবরণী

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গত ১৮ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত নগর পরিকল্পনার ও উন্নয়ন স্ট্যান্ডিং কমিটির ১০ সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় সভায় গৃহিত ৩ টি সিদ্ধান্তের মধ্যে ২ টি সিদ্ধান্ত বাস্তবায়নে সাধারণ সভার অনুমোদন প্রয়োজন বিধায় নির্ম্নোক্ত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করাহয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।<br>১। বৃক্ষমেলা- ২০২২ আয়োজনের বিষয়ে আলোচনা হয়।<br>২। সৌন্দর্যবর্ধনকারী প্রকল্পের বাৎসরিক চুক্তিমূল্য প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ১। নগরীতে প্রতি বছরের ন্যায় বৃক্ষমেলা-২০২২ আয়োজনের উদ্দেশ্যে " চসিক বৃক্ষমেলা আয়োজন কমিটি" গঠনের ব্যাপারে মেয়র মহোদয়ের অনুমোদন সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। চট্টগ্রাম মহানগরীতে বাস্তবায়নাধীন যে সমস্ত সৌন্দর্যবর্ধনকারী প্রতিষ্ঠানসমূহ হালনাগাদ বাৎসরিক চুক্তিমূল্য প্রদান করিনি সে সমস্ত প্রতিষ্ঠানের তথ্য প্রদানের জন্য এস্টেট শাখায় নথি প্রেরণ এবং দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। নগর পরিকল্পনাবিদ<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। ক) এস্টেট অফিসার<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) নগর পরিকল্পনাবিদ<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
২৬.০৬.২২
সভাপতি
ও
মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১১.১৬০০.০০১.০৬.০০২.২২.৬৮০ তারিখঃ ২৬.০৬.২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
৩। পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ,চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৫। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।
৬। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৭। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৮। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ
৯। ..........................................................................................................অফিস,চট্টগ্রাম
১০। কাউন্সিলর ...................................নং ওয়ার্ড/সংরক্ষিত আসন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
১১। বিভাগীয় প্রধান (সকল) .........................................................................., বিভাগ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
১২। একান্ত সচিব, মাননীয় মেয়র (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩। শাখা প্রধান(সকল).......................................................................চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
১৪। অফিস কপি।

২৬/০৬/২০২২
(মোহাম্মদ শহীদুল আলম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

টাইগার পাস, চট্টগ্রাম।

## ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৬তম সাধারণ সভায় উপস্থিত কাউন্সিলরবৃন্দের নাম

| ক্রমিক নং | সম্মানিত কাউন্সিলরবৃন্দের নাম | ওয়ার্ডের নাম |
|---|---|---|
| ০১ | জনাব গিয়াস উদ্দিন (প্যানেল মেয়র -২) | ১৫নং বাগমনিরাম ওয়ার্ড |
| ০২ | আফরোজা জহুর (আফরোজা কালাম) (২৭,৩৭,৩৮) (প্যানেল মেয়র-৩) | সংরক্ষিত ওয়ার্ড নং-১২ |
| ০৩ | ফেরদৌস বেগম মুন্নী (১,২,৩) | সংরক্ষিত ওয়ার্ড নং-১ |
| ০৪ | জোবাইরা নার্গিস খান (৪,৫,৬) | সংরক্ষিত ওয়ার্ড নং-২ |
| ০৫ | জেসমিন পারভীন জেসী (৭,৮) | সংরক্ষিত ওয়ার্ড নং-৩ |
| ০৬ | তছলিমা বেগম (নুরজাহান) (৯,১০,১৩) | সংরক্ষিত ওয়ার্ড নং-৪ |
| ০৭ | আনজুমান আরা (১৪,১৫,২১) | সংরক্ষিত ওয়ার্ড-৫ |
| ০৮ | শাহীন আকতার রোজী (১৭,১৮,১৯) | সংরক্ষিত-৬ |
| ০৯ | জনাব রুমকি সেনগুপ্ত (১৬,২০,৩২) | সংরক্ষিত ওয়ার্ড নং-৭ |
| ১০ | জনাব নীলু নাগ (২২,৩০,৩১) | সংরক্ষিত ওয়ার্ড নং-৮ |
| ১১ | জাহেদা বেগম পপি (১২,২৩,২৪) | সংরক্ষিত ওয়ার্ড নং-৯ |
| ১২ | হুরে আরা বেগম (১১,২৫,২৬) | সংরক্ষিত ওয়ার্ড-১০ |
| ১৩ | ফেরদৌসি আকবর (২৮,২৯,৩৬) | সংরক্ষিত ওয়ার্ড নং-১১ |
| ১৪ | বেগম লুৎফুন্নেছা দোভাষ বেবী (৩৩,৩৪,৩৫) | সংরক্ষিত ওয়ার্ড নং-১৩ |
| ১৫ | বেগম শাহানুর বেগম (৩৯,৪০,৪১) | সংরক্ষিত ওয়ার্ড নং-১৪ |
| ১৬ | জনাব গাজী মোঃ শফিউল আজিম | ০১ নং দক্ষিণ পাহাড়তলী ওয়ার্ড |
| ১৭ | আলহাজ্ব মোঃ শফিকুল ইসলাম | ০৩ পাঁচলাইশ ওয়ার্ড |
| ১৮ | জনাব মোঃ এসারারুল হক | ০৪ নং চান্দগাঁও ওয়ার্ড |
| ১৯ | জনাব মোহাম্মদ কাজী নুরুল আমিন | ০৫নং মোহরা ওয়ার্ড |
| ২০ | জনাব এম আশরাফুল আলম | ০৬ নং পূর্ব ষোলশহর ওয়ার্ড |
| ২১ | জনাব মোঃ মোবারক আলী | ০৭ নং পশ্চিম ষোল শহর ওয়ার্ড |
| ১৩ | জনাব মোঃ মোরশেদ আলম | ০৮নং শুলকবহর ওয়ার্ড |
| ১৪ | জনাব মোঃ জহুরুল আলম জসিম | ০৯ নং উত্তর পাহাড়তলী ওয়ার্ড |
| ১৪ | জনাব নিছার উদ্দিন আহমেদ | ১০নং উত্তর কাট্টলী ওয়ার্ড |
| ১৫ | জনাব মোঃ ইসমাইল | ১১নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ড |
| ১৬ | জনাব মোঃ নুরুল আমিন | ১২নং সরাইপাড়া ওয়ার্ড |
| ১৭ | জনাব মোঃ ওয়াসিম উদ্দিন চৌধুরী | ১৩নং পাহাড়তলী ওয়ার্ড |
| ১৮ | জনাব আবুল হাসনাত মোঃ বেলাল | ১৪নং লালখান বাজার ওয়ার্ড |

| | | |
|---|---|---|
| ১৯ | জনাব মোঃ নূর মোস্তফা টিনু | ১৬নং চকবাজার ওয়ার্ড |
| ২০ | জনাব মোহাম্মদ শহিদুল আলম | ১৭নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ড |
| ২১ | জনাব মোঃ নুরুল আলম | ১৯নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড |
| ২২ | জনাব চৌধুরী হাসান মাহমুদ হাসনী | ২০ নং দেওয়ান বাজার ওয়ার্ড |
| ২৩ | জনাব মোহাম্মদ সলিম উল্যাহ | ২২ নং এনায়েত বাজার ওয়ার্ড |
| ২৪ | জনাব নাজমুল হক | ২৪ নং উত্তর আগ্রাবাদ ওয়ার্ড |
| ২৫ | জনাব মোঃ ইলিয়াছ | ২৬নং হালিশহর ওয়ার্ড |
| ২৬ | জনাব মোঃ শেখ জাফরুল হায়দার চৌধুরী | ২৭নং দক্ষিণ আগ্রাবাদ ওয়ার্ড |
| ২৭ | জনাব নজরুল ইসলাম বাহাদুর | ২৮ নং পাঠানটুলী ওয়ার্ড |
| ২৮ | জনাব গোলাম মোঃ জোবায়ের | ২৯নং পশ্চিম মাদারবাড়ী ওয়ার্ড |
| ২৯ | জনাব আতাউল্লাহ চৌধুরী | ৩০নং পূর্ব মাদারবাড়ী ওয়ার্ড |
| ৩০ | জনাব আবদুস সালাম মাসুম | ৩১ নং আলকরণ ওয়ার্ড |
| ৩১ | জনাব জহর লাল হাজারী | ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড |
| ৩২ | জনাব হাসান মুরাদ | ৩৩ নং ফিরিঙ্গী বাজার ওয়ার্ড |
| ৩৩ | জনাব পুলক খাস্তগীর | ৩৪নং পাথরঘাটা ওয়ার্ড |
| ৩৪ | হাজী নুরুল হক | ৩৫নং বক্সিরহাট ওয়ার্ড |
| ৩৫ | জনাব মোহাম্মদ আবদুল মান্নান | ৩৭নং দক্ষিণ মধ্যম হালিশহর ওয়ার্ড |
| ৩৬ | জনাব আবদুল বারেক | ৪০ নং উত্তর পতেঙ্গা ওয়ার্ড |
| ৩৭ | জনাব ছালেহ আহম্মদ চৌধুরী | ৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ড |

<u>৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ১৬তম সাধারণ সভায় উপস্থিত আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা ঃ</u>

| ক্রমিক নং | আমন্ত্রিত অতিথিবৃন্দের নাম | পরিচিতি |
|---|---|---|
| ০১ | মোঃ নুরুল আফছার ভূইয়া<br>সিনি: সহ: পুলিশ কমিশনার | মেট্রোপলিটন পুলিশ কমিশনার চট্টগ্রাম |
| ০২ | মোহাম্মদ বদরুল আলম খান | তত্ত্বাধায়ক প্রকৌশলী গণপূর্ত অধিদপ্তর |
| ০৩ | পক্ষে মোঃ কোরাইশ সহকারী প্রকৌশলী ,সওজ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ০৪ | মোঃ জসিম উদ্দিন প্রধান | প্রতিনিধি<br>ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স |
| ০৫ | প্রকৌ.আতিকুর রহমান সহকারী পরিচালক | প্রতিনিধি<br>বি.আর.টি.এ |
| ০৬ | এম একে আজাদ উপ:সহকারী পরিচালক | প্রতিনিধি<br>র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান (র‌্যাব) |